

তাম্বীরুল মিল্লাত কামিল মাদ্রাসা

নির্বাচনী পরীক্ষা-২০২০

ফাযিল স্নাতক (সম্মান) ১ম বর্ষ

আল হাদিস অ্যান্ড ইসলামিক স্টাডিজ

বিষয় কোড: ২০২১০৪

সময়: ৪ ঘণ্টা

পূর্ণমান-৮০

ক বিভাগ

মান-১০×২=২০

১. ক.প্রাচীনযুগের বাংলা সাহিত্যের নিদর্শন হিসেবে চর্যাপদের সাহিত্যমূল্য নির্ণয় দাও।
অথবা,

খ. টীকা লেখ:

ক.লাইলি-মজনু

খ.বৈষ্ণব পদাবলি

২.ক. বাংলা গদ্যের বিকাশে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান মূল্যায়ন কর।

অথবা,

খ.‘মাইকেল মধুসূদন দত্ত আধুনিক বাংলা কবিতার উদগাতা’-মন্তব্যটি মূল্যায়ন কর।

খ বিভাগ

মান-১০×২=২০

৩. ক. ড. শহীদুল্লাহ রচিত ‘আমাদের ভাষা সমস্যা’-প্রবন্ধটি এদেশে বাংলা ভাষা প্রতিষ্ঠার প্রচেষ্টার উৎকৃষ্ট প্রয়াস’-তুমি স্বীকার কর কি?
‘আমাদের ভাষা সমস্যা’-প্রবন্ধ অবলম্বনে তোমার মতামত দাও।

অথবা,

খ.হরপ্রসাদ শাস্ত্রী রচিত ‘তৈল’-প্রবন্ধে তৈলের যে বহুবিধ ব্যবহারের কথা বর্ণিত হয়েছে তা লিপিবদ্ধ কর।

৪. ক.‘অনেকদিনের একটি হাস্যবোধায় অসম্পন্ন চেষ্টা আজ অশ্রুজলধারায় সমাপ্ত হইল’-‘সমাপ্তি’ গল্প পর্যালোচনা প্রসঙ্গে উক্তিটির বিচার কর।

অথবা,

খ.‘‘প্রেমের বিরহ যে কতটা মধুর ও সৌন্দর্যময় হতে পারে কাজী নজরুল ইসলামের ‘শিউলিমালা’- গল্প তার উৎকৃষ্ট উদাহরণ-মন্তব্যটি পর্যালোচনা কর।

গ বিভাগ

মান-১০×২=২০

৫.ক. রবীন্দ্রনাথ ঠাকুরের ‘বলাকা’ কবিতা অবলম্বনে গতিবাদের পরিচয় দাও।

অথবা,

খ.‘উমর ফারুক’ কবিতাটিতে কাজী নজরুল ইসলামের ইসলামদর্শনীয় হৃদয়ের পরিচয় পাওয়া যায়- তুমি স্বীকার কর কি? যুক্তিসহ আলোচনা কর।

৬.ক.‘‘ দেহগত প্রেম নয় হৃদয়গত উপলব্ধিই বনলতা সেন কবিতায় কবির চিন্তা চেতনা নির্বিষ্ট’’-‘বনলতা সেন’ কবিতা আলোচনা প্রসঙ্গে উক্তিটির বিচার কর।

অথবা,

খ.‘বাংলাদেশের সৌন্দর্য ও দেশপ্রেম একই সাথে আমার পূর্ব বাংলা কবিতায় ফুটে উঠেছে’- মন্তব্যটি সম্পর্কে তোমার মতামত দাও।

ঘ বিভাগ

মান-৫×৪=২০

৭. যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও:-

ক.ব্যাকরণ কাকে বলে? ব্যাকরণ পাঠের প্রয়োজনীয়তা বর্ণনা কর।

খ.ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর: পাঁচটি:

বহুব্রীহি, শতাব্দী, আমরণ, তালকানা, বিষবৃক্ষ, বিবাদসিন্ধু, বাহুলতা

গ.প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় কর: পাঁচটি

মাধুর্য, পাঠক, বার্ষিক, ভাজি, চলন্ত, পড়ুয়া, সাঁতার

ঘ.ষত্ব বিধান কাকে বলে? ষত্ব বিধানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ।

ঙ.‘উপসর্গের অর্থবাচকতা নেই, অর্থদ্যোতকতা আছে’-মন্তব্যটি উদাহরণসহ বুঝিয়ে লেখ।

চ.ভাবসম্প্রসারণ কর:

সঙ্গদোষে লোহা ভাসে

ছ. কোনো একটি শিক্ষা প্রতিষ্ঠানে সহকারি শিক্ষক পদের জন্য আবেদন কর।